গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২২৫

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৮
১৩ জুলাই ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

# দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

তারিখঃ ১৩.০৭.২০২১ খ্রিঃ, সময়ঃ দুপুর ২.০০ টা

## ১। সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেত:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

## ২। আজ ১৩ জুলাই ২০২১ খ্রিঃ তারিখ ভোর ৪ টা পর্যন্ত দুপুর ১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রংপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্রগ্রাম, কক্সবাজার এনং সিলোট অঞ্চলের উপর দিয়ে দক্ষিণ-দক্ষিণপূর্ব দিকথেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি.বেগে বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি সেই সাথে অস্থায় ভাবে দমকা /ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১নং (পুন) ১ নং সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

## ৩। ১৩ জুলাই ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

**সিনপটিক**
**অবস্থাঃ** পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের অদূরে উত্তর অন্ধ্র প্রদেশ-দক্ষিণ উড়িষ্যা উপকূলে অ বস্থিত লঘুচাপটি উত্তর অন্ধ্র প্রদেশ, দক্ষিণ উড়িষ্যা ও তৎসংলগ্ন বংগোপসাগর উপকূলে অবস্থান করছে। এটি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হতে পারে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ গুজরাট, মধ্য প্রদেশ, উড়িষ্যা, লঘুচাপের কেন্দ্রস্থল, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও বাংলা দেশের দক্ষিণাঞ্চল উত্তর-পূর্ব দিকে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গো পসাগরে মাঝারী অবস্থায় বিরাজ করছে।

**পূর্বাভাসঃ** রংপুর,ময়মনসিংহ,চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী,ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের দু' এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও ক োথাও বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণ হতে পারে।

**তাপপ্রবাহঃ** বগুড়া,নওগাঁ,সিরাজগঞ্জ,ময়মনসিংহ ও সিলেট অঞ্চলসহ রংপুর বিভাগের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা কিছু কিছু জায়গায় অব্যাহত থাকতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিনএবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** এ সময়ের শেষের দিকে বৃষ্টি পাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৫.৮ | ৩৬.৭ | ৩৫.০ | ৩৬.৬ | ৩৭.০ | ৩৭.০ | ৩৩.৮ | ৩৩.০ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৬.৮ | ২৭.০ | ২৫.৫ | ২৫.০ | ২৬.৭ | ২৫.৫ | ২৬.৪ | ২৭.১ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল বগুড়া,দিনাজপুর,সৈয়দপুর ৩৭.০$^{o}$ সেঃ এবং সর্বনিম্ন তাপমাত্রা সিলেট ২৫.০$^{o}$ সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

**৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস**

- ব্রহ্মপুত্র নদ পানি সমতল স্থিতিশীল আছে,অপরদিকে যমুনা নদীর পানি সমতলে হ্রাস পাচ্ছে। উভয় নদ-নদীর পানি সমতলে আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত স্থিতিশীল থাকতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে যা আগামী ৪৮ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- সুরমা সুমেশ্বরী ব্যাতীত দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

**৪ (ক)। ১২ জুলাই, ২০২১ তারিখ থেকে আগামী ১০ দিনের সম্ভাব্য পূর্বাভাস:**

- ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল আগামী ১৬ই জুলাই পর্যন্ত কমে তারপর বাড়তে পারে। আগামী ৭ দিনে আপাতত ব্রহ্মপুত্র নদীর অববাহিকায় বিপদ সীমা অতিক্রমের সম্ভাবনা নেই।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল আগামী ৫দিন স্থিতিশীল থেকে তারপর বৃদ্ধি পেতে পারে। আগামী ১০ দিনে আপাতত গঙ্গা নদীর অববাহিকায় বিপদ সীমা অতিক্রমের সম্ভাবনা নেই।
- ঢাকার চারপাশের নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে। ঢাকার চারপাশের নদীসমূহের অবাহিকায় বিপদ সীমা অতিক্রমের সম্ভাবনা নেই।

**৪ (খ)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):**

| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
|---|---|---|---|
| বৃদ্ধি | ৪১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ডাটা সংগ্রহ শুরু হয়নি (০১ টি) |
| হ্রাস | ৬৩ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | **০৪** | **বিপদ সীমার উপরে** | ০ |

**৪ (গ)। বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ২৮ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ/১২ জুলাই ২০২১ খ্রিঃ সকাল ৯.০০**

টার তথ্য অনুযায়ী):

| জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদ সীমা (মিটার) | বিপদ সীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - | - |

## ৫। বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| সুনামগঞ্জ | ৯৫.০ | লালাখাল | ৯১.০ |
| কানাইঘাট | ৭০.০ | মহেশখোলা | ৬৮.০ |
| সিলেট | ৮৪.০ | ছাতক | ৪৮.০ |

## ৫(ক)। গত ২৪ ঘণ্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| শিলচর | ৮৩.০ | আইজল | ৫২.০ |
| তেজপুর | ৩৯.০ | ----- | ------ |

***** কুড়িগ্রাম, লালমনিরহাট, টাঙ্গাইল, জামালপুর, বগুড়া, সিরাজগঞ্জ, রংপুর, গাইবান্ধা এবং নীলফামারী এই ৯ টি জেলায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। এ সকল জেলার সম্ভাব্য বন্যা পরিস্থিতি মোকাবেলায় ও জনদুর্ভোগ হ্রাস করতে জেলা প্রশাসক এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণের সাথে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক বিগত ০৫/০৭/২০২১খ্রিঃ তারিখে অনলাইন প্লাটফর্মে একটি জুম মিটিং করেন। এ সময় মাননীয় প্রতিমন্ত্রী সংশ্লিষ্ট জেলা প্রশাসকদেরকে সম্ভাব্য বন্যা মোকাবেলা এবং জনদুর্ভোগ হ্রাসের কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।**

## ৬। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১১ জুলাই ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১২ জুলাই, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৪ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ২ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ৫ | ০ | ০ |
| ৭। | খুলনা | ০ | ০ | ০ |
| ৮। | রংপুর | ২ | ০ | ০ |
| | | | | |
| | মোট | ১৩ | ০ | ০ |

**নারায়ণগঞ্জঅগ্নিকান্ড:** জেলা প্রশাসন, নারায়নগঞ্জ ১০ জুলাই, ২০২১ তারিখের ১৭৬ নং স্মারকের মাধ্যমে জানিয়েছেন যে, গত ০৮/০৭/২০২১ খ্রিঃ তারিখ আনুমানিক বিকাল ৫.০০ ঘটিকায় নারায়নগঞ্জ জেলার রুপগঞ্জ উপজেলাধীন গোলাকান্দাইল ইউনিয়নে র কর্ণগোপ এলাকায় অবস্থিত হাশেম গ্রুপের সেজান জুস নামক কারখানায় এক ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা সংগঠিত হয়েছিল। সংবা দ পেয়ে ফায়ার সার্ভিসের ১৮ টি ইউনিট দীর্ঘ সময় চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়েছে এবং ১০/০৭/২০২১ তারিখ বি কাল ৫.২০ ঘটিকায় উদ্ধার কর্যক্রম সমাপ্ত ঘোষণা করেছে। অগ্নিকান্ডের ঘটনায় মোট ৫২ জনের লাশ উদ্ধার করা হয়েছে এবং ২৫ জ ন শ্রমিক আহত হয়েছে। আহত শ্রমিকগণ ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল, শেখ হাসিনা বার্ণ ইউনিট, ইউএস বাংলা হাসপাতা লসহ বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। উদ্ধারকার্যের পর ৫২ টি লাশ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়। ঢাকা মেডিক্যাল কলেজ কর্তপকক্ষ ৫২ টি লাশের মধ্যে ৪৮ টি লাশ ও নিহত ৪৮ জনের পরিবারের সদস্যদের DNA নমুনা সংগ্রহ করেছে।

গত ০৯/০৭/২০২১ তারিখ এবং ১০/০৭/২০২১ তারিখ এই দুই দিন নিম্ন স্বাক্ষরকারীসহ মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট মন্ত্রণালয়, মাননীয় ম ন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, মাননীয় প্রতিমন্ত্রী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ডিআইজি ঢাকা রেঞ্জ, পুলিশ সুপার, নারায়নগঞ্জ, মহাপর িচালক, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ান এবং এডিশনাল ডিআইজি ইন্ডাষ্ট্রিয়াল পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছেন। আগুনের সূত্রপাত অনুসন্ধানের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নারায়নগঞ্জকে আহবায়ক করে ৯ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে সরেজমিনে তদন্ত পূর্বক ৭ কর্মদিবসের মধ্যে রিপোট দাখিল করার নির্দেশ প্রদান করা হয়েছে।

নিহতদের লাশ স্বজনদের মধ্যে হস্তান্তরের কার্যক্রম চলমান রয়েছে এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ থেকে মৃ ত ব্যক্তিদের প্রতি পরিবারকে দাফন-কাফনের ব্যয় বাবদ ২৫,০০০/- টাকা করে এবং আহতদের প্রতি পরিবারকে ১০,০০০/- টাকা করে মানবিক সহায়তা প্রদানের কার্যক্রমও চলমান রয়েছে। ইতোমধ্যে ৩ জন মৃত ব্যক্তির পরিবারকে ২৫,০০০/-টাকা করে মোট ৭ ৫,০০০/- টাকা এবং আহত মোট ২২ জনের মধ্যে ০৭ জনের পরিবারকে ১০,০০০/- টাকা করে মোট ৭০,০০০-টাকা প্রদান করা হয়ে ছে। অবশিষ্ট আহতদের সহায়তা প্রদানের প্রক্রিয়া চলমান রয়েছে। আইন শৃংখলা বাহিনী পরিস্থিতি তত্ত্বাবধান করছেন এবং বর্ত মানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

## ৭(ক)। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ

১. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ১১/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৬৩ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সাহাযার্থে মানবিক সহায়তা প্রদানের জন্য দেশের ৬৪টি জেলায় জেলা প্রশাসকগণের অনুকূলে সর্বমোট ৫,৪৫০ (পাঁচ হাজার চারশত পঞ্চাশ) মেঃটন ত্রাণ কার্য (চাল) এবং ৩,০১,০০,০০০/- (তিন কোটি এক লক্ষ) ত্রাণ কার্য (নগদ) টাকা বরাদ্দ করা হয়েছে।

২. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ১১/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৬৩ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সাহাযার্থে মানবিক সহায়তা প্রদানের জন্য দেশের ৬৪টি জেলার ৩২৯টি পৌরসভার জন্য সর্বমোট ৩,৫৯৪ (তিন হাজার পাঁচশত চুরানব্বই) মেঃটন ত্রাণ কার্য (চাল) এবং ৪,৪৯,২৫,০০০/- (চার কোটি উনপঞ্চাশ লক্ষ পচিঁশ হাজার) ত্রাণ কার্য (নগদ) টাকা বরাদ্দ করা হয়েছে।

৩. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ১২/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৭১ নং স্মারকের মাধ্যমে নারায়নগঞ্জ জেলার রুপগঞ্জ উপজেলার হাশেম গ্রুপের সেজান জুস কারখানায় অগ্নিকান্ডের ঘটনায় নিহত ও আহত পরিবারের অনুকূলে মানবিক সহায়তা প্রদানের জন্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

## ৭(খ)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:

| ক্রঃ নং | ত্রাণ কার্যক্রমের নাম | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|
| | | |

| | | চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ১২/০৭/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত) | বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (৩+৪) |
| ১ | ত্রাণ কার্য (নগদ অর্থ) | ১৯,৩১,২৫,০০০/- (উনিশ কোটি এত্রিশ লক্ষ পচিঁশ হাজার) টাকা | ১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগার) টাকা | ১০৩০,৪৪,৫৭,৫১১/- (এক হাজার ত্রিশ কোটি চুয়াল্লিশ লক্ষ সাতান্ন হাজার পাঁচশত এগারো) টাকা |
| ২ | চাল | ১,৩২,৮৬০.৫১ (এক লক্ষ বত্রিশ হাজার আটশত ষাট দশমিক পাঁচ এক) মে: টন | ৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন | ৫,৭৭,৪০২.৫১ (পাঁচ লক্ষ সাতাত্তর হাজার চারশত দুই দশমিক পাঁচ এক) মে. টন |
| ৩ | শুকনা ও অন্যান্য খাবার | - | ৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট | ৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট |
| ৪ | ঢেউটিন | - | ৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল | ৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল |
| ৫ | গৃহ নির্মাণ মঞ্জুরী | - | ৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা | ৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ ) টাকা |

**৭(গ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (১২/০৭/২০২১ তারিখ পর্যন্ত):**

| ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা | সকল জেলা (পৌরসভাসহ) | সকল সিটি করপোরেশন | সর্বমোট |
|---|---|---|---|
| উপকারভোগী পরিবার সংখ্যা | ৯১,৪৩৪ টি | 3,৭৯১ টি | 9৫,২২৫ টি |
| উপকারভোগী লোক সংখ্যা | 3,৮০,০৭২ জন | 1৮,৯৩৮ জন | 3,৯৯,০১০ জন |

**৮। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।**

১৩-৭-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২২৫/১(১৭১)

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৮
১৩ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৭) বিভাগীয় কমিশনার (সকল)

৮) পরিচালক (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯) জেলা প্রশাসক (সকল)

১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১১) উপ-পরিচালক (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১২) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা

১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৩-৭-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা